একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত (২য় বার)

অতি জরুরি
ই-মেইল যোগে

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নং: ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/২২২৭

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৮ মে ২০২০

প্রজ্ঞাপন

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) বিশ্বব্যাপী মহামারী আকার ধারণ করায় দেশব্যাপী এর সংক্রমন ও ব্যাপক বিস্তার রোধকল্পে সরকার গত ২৬-০৩-২০২০ তারিখ সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানে সাধারণ ছুটি ঘোষণা করে। অবস্থার সার্বিক বিবেচনায় ছুটির মেয়াদ ৩০-০৫-২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২৮-০৫-২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত একটি প্রজ্ঞাপনে বিভিন্ন শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আগামী ৩১-০৫-২০২০ তারিখ থেকে সীমিত আকারে সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্ত জানানো হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রজ্ঞাপনে ১০নং শর্তে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপারে নিম্নরূপ বলা হয়েছেঃ

"১০. নিষেধাজ্ঞাকালীন কোন শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না। তবে, অনলাইনে কোর্স/ডিস্টেন্স লার্নিং অব্যাহত থাকবে;"

উল্লিখিত প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত সামাজিক দূরত্বসহ সকল স্বাস্থ্যবিধি নিশ্চিত করে আগামী ৩১-০৫-২০২০ তারিখ হতে সীমিত আকারে দাপ্তরিক কার্যক্রম চালু করবে।

এমতাবস্থায়, কোভিড-১৯ থেকে সুরক্ষার স্বার্থে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত সামাজিক দূরত্বসহ সকল স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসহ সংশ্লিস্ট সকলকে ইউজিসি কর্তৃপক্ষের সাথে সাক্ষাত ও সরাসরি সভা আহবান পরিহার করে ভার্চুয়াল সভা, পত্র যোগাযোগ এবং ই-মেইলের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

২৮-০৫-২০২০
ড. ফেরদৌস জামান
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইলঃ ০১৭০৮-৯১৯১১০
ই-মেইলঃ ferdousugc@gmail.com

বিতরণঃ
১-৪৬। রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়।
৪৭-১৪৭। রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/২২২৭

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৮ মে ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১-৯। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন/পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/বেসরকারি বিশ্ববিদ্যালয়/আইএমসিটি/এসপিকিউএ/জনসংযোগ ও তথ্য অধিকার/জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ), ইউজিসি, ঢাকা।
১০। জনাব মোঃ রাহেদ হোসেন, উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। জনাব তাহমিনা রহমান, সিস্টেম এনালিস্ট, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (প্রজ্ঞাপনটি ইউজিসি'র ওয়েবসাইটে প্রকশের অনুরোধসহ)।
১২। সিনিয়র সহকারী সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৩-১৫। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
১৭-১৮। নথি/মহানথি।

২৮-০৫-২০২০
জাফর আহম্মদ জাহাঙ্গীর
যুগ্মসচিব
মোবাইলঃ ০১৭১৬-৬০৬৯৬০
ই-মেইলঃ jahanger@ugc.gov.bd